Mob. : 9415020454
9839912313

বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতি, লখনউ (Registered under Society Act XXI of 1860) बंगाली क्लब एवं युवक समिति, लखनऊ

# BENGALI CLUB & YOUNGMEN'S ASSOCIATION , LUCKNOW

## নিয়মাবলী : ৬০তম ৺প্রকাশচন্দ্র ঘোষ স্মৃতি সর্বভারতীয় পূর্ণাঙ্গ বাংলা নাট্য প্রতিযোগিতা ২০২৬-২০২৭

### সাধারণ নিয়ম :

১) নাট্য প্রতিযোগিতায় বিজয়ী প্রথম স্থানাধিকারী 'শীল্ড' ফেরৎ যোগ্য হবে।

২) পুরষ্কার সংক্রান্ত বিস্তৃত বিবরণ :

### শ্রেষ্ঠ প্রযোজনা :-

প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম : ১ম স্থানাধিকারী ১০,০০১ (দশ হাজার এক) টাকা, ২য় স্থানাধিকারী ৭,০০১ (সাত হাজার এক) টাকা, ৩য় স্থানাধিকারী ৫,০০১ (পাঁচ হাজার এক) টাকা, ৪র্থ স্থানাধিকারী ৩,০০১ (তিন হাজার এক) টাকা, ৫ম স্থানাধিকারী ২,০০১ (দু হাজার এক) টাকা নগদ পুরষ্কার।

শ্রেষ্ঠ পরিচালক : প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম। শ্রেষ্ঠ অভিনেতা : প্রথম, দ্বিতীয় ও তৃতীয়। শ্রেষ্ঠ অভিনেত্রী : প্রথম, দ্বিতীয় ও তৃতীয়।

শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেতা : প্রথম ও দ্বিতীয়। শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রী : প্রথম ও দ্বিতীয়। শ্রেষ্ঠ চরিত্র অভিনেতা এবং শ্রেষ্ঠ চরিত্র অভিনেত্রী : প্রথম।

শ্রেষ্ঠ শিশু শিল্পী : বয়স ১০ বছর পর্যন্ত, কিন্তু যদি কোনো নাটকের মূল চরিত্রে (Centre Character) শিশু / কিশোর / কিশোরী অভিনয় করে তো তাকে অভিনেতা / অভিনেত্রী হিসেবে গ্রহণ করা হবে।

মৌলিক নাটক (অনুবাদবিহীন) রচনাকার : প্রথম। স্থানীয় শ্রেষ্ঠ প্রযোজনা : প্রথম (ন্যূনাধিক ৩টি স্থানীয় নাট্য সংস্থার অংশগ্রহণ অনিবার্য)। মঞ্চসজ্জা, লাইট ও আবহসংগীত, Dress & Makeup.

৩) বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতি, লখনৌ অনুমোদিত যে কোন পূর্ণাঙ্গ বাংলা নাটক প্রতিযোগিতায় মঞ্চস্থ করা যেতে পারে।

৪) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সমস্ত নাটকই অতুল সিংহ নাট্য মঞ্চে, বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতি, ২০, শিবাজী মার্গ, লখনৌতে অভিনীত হবে।

৫) প্রতিযোগিতায় যোগদানের জন্য প্রবেশ মূল্য ২০০০/ টাকা। কেবলমাত্র অংশগ্রহণের নিশ্চয়তা প্রাপ্তির কারণে সতর্কতা মূলক জমা অর্থের পরিমাণ ১০০০/ টাকা। এই সতর্ক মূলক জমা অর্থ প্রতিযোগিতায় অংশগ্রহণের পরে, সংস্থার প্রত্যাবর্তনকালেই ফেরৎ দেওয়া হবে। সমস্ত অর্থই NEFT এর মাধ্যমে গ্রহণযোগ্য। (Bengali Club & Youngmen's Association. A/C No. 381502010061566, IFSC - UBIN0535338, Union Bank of India, Clark's Avadh Branch, Pandey Bhawan, 7, Rani Laxmi Bai Marg, Lucknow) আবেদনের সঙ্গে অর্থ প্রদানের প্রমাণ স্বরুপ স্ক্রিনশট সংযুক্ত করে dramabengaliclublucknow@gmail.com - এ, ই-মেল করতে হবে। অর্থপ্রদান প্রাপ্তি ও যাচাইয়ের পরেই আবেদন পত্র (এন্ট্রি) গ্রহণ ও নিশ্চিত করা হবে।

৬) বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতির সাধারণ সম্পাদকের নামে প্রেরিত আবেদন পত্র 31 August 2025 এর রাত্রি ১০টার মধ্যে ক্লাব কার্যালয়ে জমা করতে হবে।

৭) আবেদন পত্রের সাথে অংশগ্রহণকারী সংস্থাকে নাটক, নাট্যকার ও পরিচালকের নাম, চরিত্র এবং চরিত্রে অংশগ্রহণকারী ব্যক্তিদের পূর্ণ তালিকা, নাটকের কাহিনীর সারাংশ এবং অন্যান্য বিস্তারিত বিবরণ পেশ করতে হবে।

৮) অংশগ্রহণকারী সংস্থাকে বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতির সাধারণ সম্পাদকের নিকট নাটকের প্রতিলিপি জমা করতে হবে, নাট্যানুষ্ঠানের পর এই প্রতিলিপি ফেরৎ পাওয়া যাবে।

৯) অংশগ্রহণকারী সংস্থার নিকট প্রাপ্ত সতর্কতামূলক জমা অর্থ নাট্যানুষ্ঠানের পর প্রত্যাবর্তনকালে ফেরৎ দেওয়া হবে। যদি কোন সংস্থা আবেদন পত্র ও টাকা জমা দেবার পরে, কোন কারণে প্রতিযোগিতায় অংশগ্রহণ না করেন তাহলে জমাকৃত অর্থ ফেরৎ দেওয়া হবে না।

১০) বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতির পক্ষে লখনৌর বাইরে থেকে আসা সংস্থাগুলির থাকবার জন্য Unfurnished ঘরের ব্যবস্থা করা হবে এবং এর জন্য সেই সংস্থাগুলিকে কোনো প্রকার আর্থিক দায়িত্ব বহন করতে হবে না। সংস্থার আবাসিক সুবিধার পূর্ণ মেয়াদ ৭২ ঘন্টা।

১১) ভোজন সংক্রান্ত সকল দায় দায়িত্ব অংশগ্রহণকারী সংস্থাকেই গ্রহণ করতে হবে। কেবলমাত্র নাটক মঞ্চস্থ করার রাত্রে আয়োজক সমিতি অনাধিক ১৫ জনের জন্য ভোজনের দায়িত্ব বহন করবে। এ ছাড়া একটি Subsidised Canteen এর ব্যবস্থা বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতির পক্ষ হইতে করা হবে। নাট্য প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেক নাট্য দলগুলিকে বেঙ্গলী ক্লাবের Subsidised Canteen এ প্রতিদিন খাওয়া বাধ্যতা মূলক।

১২) প্রতিযোগিতায় ন্যূনতম ৮টি নাট্য সংস্থার যোগদান অপরিহার্য। অন্যথায় প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে না।

১৩) প্রতিযোগিতায় অংশগ্রহণের ১২ ঘন্টা পূর্বে ৫ (পাঁচ) কপি করে বাংলা, হিন্দি ও ইংরাজীতে নাটকের সংক্ষিপ্তসার এবং ১৫ কপি চরিত্রলিপি (ইংরাজীতে) কার্যালয়ে জমা করতে হবে - সংবাদ পত্রের জন্য।

১৪) আবেদনকারী নাট্যদলের বিগত তিনবছরে বিভিন্ন প্রতিযোগিতায় ফলাফলের বিবরণ (ফটোকপি) আবেদন পত্রের সাথে পাঠানো বাধ্যতামূলক।

Mob. : 9415020454
9839912313

BCYMA
ESTD. 1892

বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতি, লখনউ (Registered under Society Act XXI of 1860) बंगाली क्लब एवं युवक समिति, लखनऊ

BENGALI CLUB & YOUNGMEN'S ASSOCIATION, LUCKNOW

১৫) কোনো কারণ না দেখিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ হেতু আবেদন পত্র গ্রাহ্য / অগ্রাহ্য করার সম্পূর্ণ অধিকার বেঙ্গলী ক্লাব কর্তৃপক্ষের সংরক্ষিত থাকবে।

১৬) যে নাটকটি প্রতিযোগিতাতে একবার মঞ্চস্থ হয়ে গেছে সেই দল সেই নাটক ৮ বছরের মধ্যে মঞ্চস্থ করতে পারবেন না। (ঐ নামে বা নাটকের নাম বদলেও মঞ্চস্থ করতে পারবেন না)।

১) প্রতিযোগিতায় অংশগ্রহণকারী নাট্যদলের নিম্নলিখিত সামগ্রীগুলি মঞ্চের জন্য দেওয়া হবে।

ক) মঞ্চের সামনের ও পিছনের মোটা পর্দা, চারটি সাইড উইংস এবং পাঁচটি ফ্লাই লিভস।

খ) পুরো মঞ্চে মোট আলোর পরিমাণ ৬০০০ ওয়াটস। প্রক্ষেপন আলো (স্পট) ডিমার সহিত ১০০০ ওয়াটস ৪ (চারটি) এবং ছোট প্রক্ষেপন আলো (বেবী স্পট) ডিমার সহিত ৫০০ ওয়াটস ৪ (চারটি)।

২) পোষাক, রূপসজ্জা (মেকাপ) অতিরিক্ত মঞ্চসজ্জা ও মঞ্চে নাটকের জন্য ব্যবহার্য উপকরণ, কোন প্রকার বাদ্যযন্ত্র, শব্দযন্ত্র এবং তার ব্যবহার (মাইক্রোফোন, টেপ রেকর্ডর, হারমোনিয়ম, তবলা ইত্যাদি) অংশগ্রহণকারী সংস্থাকে নিজব্যয় এবং নিজ উদ্যোগে ব্যবস্থা করতে হবে।

## নাট্যানুষ্ঠানের নিয়ম :

১) প্রত্যেক নাট্যানুষ্ঠানের ন্যূনধিক সময় ১ ঘন্টা ৩০ মিনিট (১৫ মিনিট বিরতি বাদে) এবং অনধিক ২ ঘন্টা ১৫ মিনিট (১৫ মিনিট বিরতি বাদে) মধ্যে সমাপন করতে হবে।

২) প্রত্যেক নাট্যানুষ্ঠানের শুরু হবার নির্ধারিত সময় সন্ধ্যা <u>৭.০০</u> থেকে রাত্রি <u>৯.৩০</u> পর্যন্ত। প্রয়োজনে কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের পরিবর্তন করতে পারে।

৩) অংশগ্রহণকারী নাট্যসংস্থাকে মঞ্চ সজ্জার জন্য নির্ধারিত দিবসে অনুষ্ঠানের সময়ের ৮ ঘন্টা পূর্বে মঞ্চ দেওয়া হবে।

৪) প্রত্যেক প্রতিযোগী সংস্থাকে তাঁদের নাট্যানুষ্ঠানের সমাপ্তির পর ৪ ঘন্টার মধ্যে মঞ্চ থেকে যাবতীয় উপকরণ সরিয়ে নিয়ে যে অবস্থায় কর্তৃপক্ষের কাছ থেকে মঞ্চ নিয়েছিলেন সেই অবস্থায় কর্তৃপক্ষের কাছে ফেরৎ করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষ ঐ সংস্থার বিরুদ্ধে প্রতিকুল ব্যবস্থা গ্রহণ করতে পারে। মঞ্চে (stage) কোনোরকম পেরেক ব্যবহার করা নিষিদ্ধ, কোনোরকম ক্ষতির সম্পূর্ণ দায়িত্ব নাট্যদলের।

৫) যে কোনো প্রতিযোগী সংস্থার অভিনেতা/অভিনেত্রী ও পরিচালক অন্য কোন প্রতিযোগীদলে অংশগ্রহণ করতে পারবেন না।

৬) আয়োজক সমিতি কর্তৃক নির্বাচিত বিচারকমণ্ডলীর অভিমত চূড়ান্ত অভিমত রূপে গৃহীত হবে।

৭) নির্ধারিত নাটকের নাম কোন কারণে পরিবর্তন ঘটলে আয়োজক সমিতির সাধারণ সম্পাদককে লিখিত ভাবে ৩০ নভেম্বরের মধ্যে জানাতে হবে।

৮) প্রতিযোগিতা সম্বন্ধীয় কোন অভিযোগ থাকলে প্রতিযোগী সংস্থার নাট্যানুষ্ঠানের পর ১২ ঘন্টার মধ্যে ১০০০ (এক হাজার টাকা) শুল্ক সহিত লিখিত আবেদন আয়োজক সমিতির সাধারণ সম্পাদকের কাছে জমা দিতে হবে। অভিযোগ প্রমাণিত হলে সংস্থা তাঁদের দেয় শুল্ক ১০০০ (এক হাজার) টাকা ফেরৎ পাবেন।

৯) প্রতিযোগী সংস্থার নাট্যানুষ্ঠানের নির্ধারিত দিন আয়োজক সমিতি কর্তৃক স্থির করা হবে।

## বিবিধ নিয়মাবলী :

১) নাট্যানুষ্ঠানকালে প্রেক্ষাগৃহে প্রবেশাধিকার আয়োজক সমিতি কর্তৃক নির্ধারিত।

২) কোন প্রতিযোগী সংস্থা অথবা ব্যক্তি বিশেষের কোন পুরষ্কার ঘোষণা করার অধিকার নেই।

৩) প্রতিযোগিতা চলাকালীন ক্লাবে অবস্থানকালে নাট্যদল গুলিকে নিয়মের মধ্যে চলা বাধ্যতামুলক।

৪) উপরোক্ত নিয়মাবলী এবং শর্তাবলীর বিভিন্ন ধারার প্রকৃত ভাবার্থ নিরুপণের চূড়ান্ত ক্ষমতা কার্যকরী সমিতি, বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতি, ২০ শিবাজী মার্গ, লখনৌর ন্যস্ত থাকবে।

৫) প্রয়োজন বোধে বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতি, লখনৌর উপরোক্ত নিয়মাবলী এবং শর্তাবলীর পরিবর্তন, পরিমার্জন এবং পরিবর্ধনের ক্ষমতা বলবৎ থাকবে।

৬) কেন্দ্র সরকারের নির্দেশানুসার প্রতিযোগীতায় অংশগ্রহণ করার জন্য কোনো রকম Railway Concession দেওয়া যেতে পারা যাবে না।

৭) প্রত্যেক নাটকে শুধু গলা / কণ্ঠস্বর দিয়ে অভিনয় করতে হবে, সংলাপ বলার সময় কোনো রকম মাইক/কলার মাইক ব্যবহার করা বর্জিত।

৮) আবহ সঙ্গীত ব্যবহার করার সময় মিউজিক ইন্সট্রুমেন্ট রঙ্গমঞ্চের পিছনে স্থাপিত করতে হবে। প্রেক্ষাগৃহে সামনে রাখা বর্জিত।

৯) প্রতি ব্যক্তি <u>**500/-**</u> টাকা দিয়ে সারাদিনের খাবার এর ব্যবস্থা করা হয়েছে। এটি সমস্ত দলের জন্য বাধ্যতামুলক। ৫ বছরের কম বয়সী শিশুদের জন্য কোন চার্জ লাগবে না। দল আসার পর ক্লাব অফিস থেকে খাবার কুপন সংগ্রহ করতে হবে। সেই অনুযায়ী আমরা দলের থাকার ব্যবস্থা করব।

Mob. : 9415020454
9839912313

BOYMA
ESTD. 1892

বেঙ্গলী ক্লাব ও যুবক সমিতি, লখনউ (Registered under Society Act XXI of 1860) बंगाली क्लब एवं युवक समिति, लखनऊ

BENGALI CLUB & YOUNGMEN'S ASSOCIATION , LUCKNOW

We are furnishing few important details that will assist you in planning and preparing for your production.

The list consists of stage dimension, lighting & props available with the Club for your performance. They will be provided as part of the competition arrangement.

**NOTE :** (1) Stage Size Width – 28 ft, Depth – 27 ft, Height – 18 ft

(2) Available Stage Lights - FOH (a) 1 Pair (1000W PAR 64), (b) 1st Side – 1 Pair (PAR 64) 1000W, (c) 2nd Side – 1 Pair (PAR 64) 1000W, (d) 3rd Side – 1 Pair (PAR 64) 1000W, (e) Right Zone Top – 1000W PC, (f) Centre Zone Top – 1000W PC, (g) Left Zone Top – 1000W PC, (h) Up Centre Top – 1000W PC, (i) 500W Foot Baby – 1 Pair, (j) 12 CH Dimmer Console

**Note :** All lights are adjustable, not movable.

(3) Stage Props - 4'×8' Wall × 4, 4'×8' Window × 2, 4'×8' Door Frame × 2, 3'×8' Wall × 5, Wooden Frame 7' × 3'7", Wooden Steps (Set of 4) × 4, Wooden Steps (Set of 2) × 5

However, if your production requires any additional lighting, special effects or extra stagecraft beyond the standard facilities provided, the associated costs will have to be borne by you as the equipment services will need to be hired from external sources. The list of extra requirement will need to be provided at least 1 month before the date of performance.

Should you require any further clarification or assistance, please feel free to contact us. We shall be happy to help.

With best wishes,

Organizing Committee
60th All India Prakash Chandra Ghosh Memorial Full-Length Bengali Drama Competition
Bengali Club & Youngmen's Association, Lucknow.